

ঢাকা ওয়াসা

সংশোধিত ক্রয় পরিকল্পনার অনুমোদিত কপি।
ঢাকা ওয়াসার রেট সিডিল এবং ১৫% বৃদ্ধির অনুমোদিত কপি।
ক্যালকুলেশন শীট।
প্রাক্কলন।

বিষয়ঃ Repairing & maintenance work of different dia water line leakage/burst/
contamination at different areas (When & Where Required) under MODS Zone-2,
Dhaka WASA.(Group-1)

অনুচ্ছেদ নং-১

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডস জোন-২ পুরান ঢাকার বিভিন্ন এলাকার পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কার্যক্রম পরিচালন করে থাকে। মডস জোন-২ এর আওতাধীন এলাকা মোট ১৯ টি DMA (District Metering Area) তে বিভক্ত রয়েছে। পানির অপচয় তথা NRW (Non Revenue Water) রোধ কল্পে DMA করা হয়েছে। কিন্তু পুরান ঢাকা ঘনবসতি পূর্ণ হওয়ায় এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় নতুন ঢালাইকৃত রাস্তার রোড কাটিং এর অনুমতি না পাওয়ায় অত্র জোনের পুরানো নেটওয়ার্কের সকল সংযোগ কর্তন করা সম্ভব হয় নাই। বর্তমানে পদ্মা যশলদিয়া পানি শোধনাগার এবং সায়েদাবাদ পানি শোধনাগারের উৎপাদিত পানি অত্র জোনের বিভিন্ন এলাকায় সরবরাহ করা হচ্ছে। ফলে পানির অত্যধিক চাপ থাকায় প্রায়শই মডস জোন-২ এর বিদ্যমান পুরাতন পাইপ লিকেজ হয়ে প্রচুর পানির অপচয় হয়। এছাড়া পানির অত্যধিক চাপ থাকায় সার্ভিস কানেকশন গুলো লিকেজ/ ছিদ্র হচ্ছে এবং উক্ত লিকেজ দিয়ে ময়লা পানি নেটওয়ার্কে প্রবেশ করে পানি দূষিত করে। সম্প্রতি অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ডিপিডিসি এর বিভিন্ন উন্নয়ন মূলক কাজ চলমান রয়েছে। যা বাস্তবায়নের জন্য Excavator Machine দিয়ে রাস্তা খনন করে DSCC কর্তৃক স্টর্ম সুয়ার নেটওয়ার্ক এবং DPDC কর্তৃক বৈদ্যুতিক ক্যাবল স্থাপন কাজ করা হচ্ছে। ফলে Excavator Machine এর মাধ্যমে মাটি খননের সময় পানির লাইন ক্ষতিগ্রস্ত হয়ে প্রচুর পানির অপচয় হয়। পুরান ঢাকা ঘনবসতি পূর্ণ, বানিজ্যিক এবং আবাসিক এলাকা হওয়ায় লিকেজের অভিযোগ পাওয়া মাত্রই জরুরি ভিত্তিতে লিকেজ মেরামত কাজ করতে হয়। বর্তমানে মডস জোন-২ এ কর্মরত পিএলআই, পিএলএম পর্যাপ্ত নাই এবং প্রায় সকলে অধিক বয়স হওয়ায় মাটি কাটার মত ভারি কাজ করতে সক্ষম নয়। ফলে লিকেজ মেরামত, ময়লা পানির অভিযোগ সমূহ দ্রুত সম্পন্ন করার জন্য বাহির হতে লেবার সংগ্রহ করতে হয়। এছাড়া বিভাগীয় ভাণ্ডারে সকল মালামাল পর্যাপ্ত না থাকায় বাহির হতে মালামাল ক্রয় করার প্রয়োজন হয়।

অনুচ্ছেদ নং-২

পানির লাইন লিকেজ মেরামত কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ঢাকা ওয়াসার অনুমোদিত রেট সিডিউলের দর অনুযায়ী (যা ২০১১ ইং সালে প্রণীত) প্রাক্কলন তৈরি করা হয়েছে। উল্লেখ্য যে প্রাক্কলনে বিভাগীয় দরের অতিরিক্ত ১৫% বেশি ধরা হয়েছে (সংযুক্তিঃ বিভাগীয় দরের অতিরিক্ত ১৫% বেশি ধরার অনুমোদিত কপি)। প্রাক্কলনে সর্ব মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে = ৪,৯৫,৭৯৮.১৩৪ (চার লক্ষ পঁচানব্বই হাজার সাতশত আটানব্বই দশমিক এক তিন চার) মাত্র (সংযুক্তিঃ প্রাক্কলন ও ক্যালকুলেশন শীট)। উক্ত কাজের ব্যয়ভার অত্র মডস জোন-২ এর ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার "Water Line Maintenance" খাতে ক্রমিক নং-৫৯ এর WLM-24 এ LTM অন্তর্ভুক্ত রয়েছে (সংযুক্তিঃ ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের সংশোধিত ক্রয় পরিকল্পনার অনুমোদিত কপি)।

অনুচ্ছেদ নং-৩


এমতাবস্থায়, Repairing & maintenance work of different dia water line leakage/burst/contamination at different areas (When & Where Required) under MODS Zone-2, Dhaka WASA.(Group-1). কাজটি সুষ্ঠুভাবে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত ৪,৯৫,৭৯৮.১৩৪ (চার লক্ষ পঁচানব্বই হাজার সাতশত আটানব্বই দশমিক এক তিন চার) টাকার প্রাক্কলন অনুমোদন করা যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।


০৮/০৩/২৫


মোঃ হাফিজুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।




০৮/০৫/২০২৫



০৮/৫/২০২৫

মোঃ মাহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।


০৮/০৫/২৫

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।




০৮/০৫/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা